NYSCB কী?

দৃষ্টিহীনের জন্য নিউ ইয়র্ক স্টেট কমিশন (New York State Commission for the Blind, NYSCB) নিউ ইয়র্ক স্টেট বসবাসকারী সমস্ত বয়সের আইনত দৃষ্টিহীন অথবা বধির-দৃষ্টিহীনদের স্বাবলম্বীভাবে বাঁচার জন্য সহায়তা করতে কাউন্সেলিং, প্রতিরক্ষা এবং পুনর্বাসন পরিষেবাদি প্রদানের মাধ্যমে এদের সঙ্গে কাজ করে।

প্রদত্ত পরিষেবাগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- বাড়ি এবং ব্যক্তিগত পরিচালনার প্রশিক্ষণ
- নেভিগেশন এবং যাতায়াতের প্রশিক্ষণ
- কম দৃষ্টির পরীক্ষাসমূহ এবং সহায়তা
- আপনার বর্তমান চাকরি বজায় রাখতে সহায়তা
- কোনও চাকরি অনুসন্ধানের ক্ষেত্রে সহযোগিতা
- বৃত্তিমূলক প্রশিক্ষণ
- সেকেন্ডারির পরবর্তী শিক্ষায় সহযোগিতা
- প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণে সহযোগিতা
- ব্রেইল পড়ার ক্ষেত্রে প্রশিক্ষণ
- কাজের প্রস্তুতির প্রশিক্ষণ
- কাজের অভিজ্ঞতার সুযোগ
- কম্যুনিটির সংস্থানগুলির সঙ্গে সংযোগ
- সম্পূর্ণ অডিওলজিকাল পরিষেবাদি
- বিশেষ পুনর্বাসন পরিষেবাদি

যে ব্যক্তিরা আইনত দৃষ্টিহীন অথবা দৃষ্টির অবনতি ক্রমশ বর্ধিত হওয়ার ফলে আইনত দৃষ্টিহীন হবে বলে প্রত্যাশিত এবং সঙ্গে শ্রবণ শক্তিও অধোগতিশীল অথবা বধিরতা আছে তারা প্রাপ্তবয়স্কের কর্মজীবন এবং অবিরত শিক্ষা পরিষেবাদি-বৃত্তিমূলক পুনর্বাসন (Adult Career and Continuing Education Services-Vocational Rehabilitation, ACCES-VR) এর সঙ্গে সমন্বয়ে NYSCB-এর থেকে পরিষেবাদি পেতে পারেন।

NYSCB

visionloss.ny.gov

পরিষেবাদি বিষয়ক আরও তথ্যের জন্য এই নম্বরে ফোন করুন:
(866) 871-3000

অথবা

আমাদের ওয়েবসাইট দেখুন:
visionloss.ny.gov

NYSCB হল নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবারের পরিষেবাদির অফিস (New York State Office of Children and Family Services)-এর একটি বিভাগ।

NEW YORK STATE | Office of Children and Family Services

প্রতিবন্ধী আমেরিকানদের আইন (Americans with Disabilities Act) অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটের শিশু এবং পরিবারের পরিষেবাদির অফিস (New York State Office of Children and Family Services) অনুরোধ সাপেক্ষে এই পুস্তিকাটি যথাযথ ফরম্যাটে সেকেন্ডারির পরবর্তী

প্রকা. 4805 (4/2015)

NEW YORK STATE | Commission for the Blind

পরিষেবাদির নির্দেশিকা

সেইসব ব্যক্তিদের জন্য যারা বধির-দৃষ্টিহীন

সম্ভাবনাগুলির প্রতি নজর

জীবনযাপন করুন • কাজ করুন • উন্নত হন

কে যোগ্য?

নিউ ইয়র্ক স্টেটের এমন কোনও বাসিন্দা যিনি আইনত দৃষ্টিহীন অথবা দৃষ্টির অবনতি ক্রমশ বর্ধিত হওয়ার ফলস্বরূপ আইনত দৃষ্টিহীন হবে বলে প্রত্যাশিত এবং সর্বোত্তম অ্যাম্পলিফিকেশন সত্ত্বেও বেশিরভাগ বক্তব্য বুঝতে পারেন না, তিনি NYSCB-এর দ্বারা প্রদত্ত বধির-দৃষ্টিহীন পরিষেবাদির জন্য যোগ্য হতে পারেন।

আইনত দৃষ্টিহীনতাকে নিম্নলিখিতরূপে সংজ্ঞায়িত করা হয়:

- তুলনামূলক ভালো অথবা শক্তিশালী চোখটিতে সর্বাধিক সংশোধনের ক্ষমতা সহ 20/200 বা তার কম দৃষ্টির তীক্ষ্ণতা, অথবা
- তুলনামূলক ভালো অথবা শক্তিশালী চোখটিতে 20 ডিগ্রী বা তার কম দৃষ্টির সীমিত ক্ষেত্র।

যদি আপনার দৃষ্টি গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হয় এবং আপনার শ্রবণ শক্তির অবনতি প্রচন্ডভাবে আপনার দৈনন্দিন কার্যকলাপকে ব্যহত করে, তাহলে আপনি সেই পরিষেবাগুলির জন্য যোগ্য হতে পারেন যা আপনাকে আরও বেশি স্বনির্ভরভাবে বাঁচতে সাহায্য করবে। একজন বধির-দৃষ্টিহীন ব্যক্তি হিসাবে পরিষেবাগুলির জন্য যোগ্য কিনা সেই বিষয়ে আপনি অনিশ্চিত হলে, NYSCB যোগ্যতা নির্ধারণে আপনাকে সহায়তা করতে পারে।

আপনার কোনও প্রতীকী ভাষার দোভাষীর প্রয়োজন হলে এবং আপনি বধির-দৃষ্টিহীন হিসাবে পরিষেবাদির জন্য যোগ্য হলে, NYSCB আপনার জন্য এই পরিষেবার ব্যবস্থা করতে পারে।

কর্মসূচিসমূহ

বৃত্তিমূলক পুনর্বাসন প্রকল্প (Vocational Rehabilitation Program)

কর্মক্ষেত্রে যাওয়ার জন্য প্রস্তুত হতে, আপনার বর্তমান চাকরি বজায় রাখতে অথবা কোনও ব্যবসা শুরু করার ক্ষেত্রে NYSCB আপনাকে সহায়তা করতে পারে। একজন বৃত্তিমূলক পুনর্বাসন কাউন্সেলর বা পরামর্শদাতা আপনাকে পরিকল্পনা করতে এবং আপনার কর্মনিযুক্তির লক্ষ্যে পৌঁছানোর জন্য আপনার প্রয়োজনীয় প্রশিক্ষণ পেতে সহায়তা করবেন।

ব্যবসায়িক উদ্যোগের কর্মসূচি (Business Enterprise Program, BEP)

আপনি কি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক যিনি নিজেই নিজের সংবাদপত্র, স্ন্যাক বার অথবা ক্যাফেটেরিয়া চালাতে আগ্রহী? BEP কর্মসূচি আপনাকে ব্যবসা পরিচালনার এবং চলমান সহায়তার প্রশিক্ষণ প্রদান করে।

স্বনির্ভর জীবনযাপনের কর্মসূচি (Independent Living Program)

যদি আপনি এমন একজন প্রাপ্তবয়স্ক বা প্রবীণ ব্যক্তি হন যিনি সাধ্যমতো স্বনির্ভরশীল হিসাবে জীবনযাপন করতে চাইলেও চাকরি করতে চান না, তাহলে NYSCB-র কাছে এমন কর্মসূচি আছে যা আপনাকে আপনার বাড়ি পরিচালনা করা, নিরাপদভাবে যাতায়াত করা এবং পরিবার ও প্রতিবেশীদের সঙ্গে যোগাযোগ বজায় রাখার জন্য দক্ষতাগুলি শেখায়।

শিশুদের কর্মসূচি (Children's Program)

শিশুরা বাড়িতে, তাদের কম্যুনিটিতে এবং পুনর্বাসন এজেন্সিগুলিতে পরিষেবাগুলি পেতে পারে। শিশুদের কনসালটেন্ট বা পরামর্শদাতা পরিবারবর্গে, পক্ষ সমর্থনের পরিষেবাদিতে, শিক্ষামূলক পরামর্শে এবং বৃত্তিমূলক সমন্বয়ে নির্দেশনা দিয়ে থাকেন।

কোথায় আবেদন করবেন

আপনি যদি NYSCB-এর প্রস্তাবিত কর্মসূচি এবং পরিষেবাদি সম্বন্ধে আরও তথ্য জানতে চান, তাহলে অনুগ্রহ করে আপনার নিকটস্থ আঞ্চলিক অফিসে ফোন করুন।

Albany
40 N. Pearl St., 10th Fl., Ste. D
Albany, N.Y. 12243
(518) 473-1675

ডাকযোগের ঠিকানা
52 Washington St.
Rensselaer, N.Y. 12144

Buffalo
295 Main St., Rm. 590
Buffalo, N.Y. 14203
(716) 847-3516

Harlem
163 West 125th St., Rm. 209
New York, N.Y. 10027
(212) 961-4440

Hempstead
50 Clinton St., Ste. 208
Hempstead, N.Y. 11550
(516) 564-4311

Garden City
711 Stewart Avenue
Garden City, N.Y. 11530
(516) 564-4311

New York City
80 Maiden Lane, 23rd Fl.
New York, N.Y. 10038
(212) 825-5710

Rochester
259 Monroe Ave., Rm. 303
Rochester, N.Y. 14607
(585) 238-8110

Syracuse
100 S. Salina St., Ste. 105
Syracuse, N.Y. 13202
(315) 423-5417

White Plains
445 Hamilton Ave., Rm. 503
White Plains, N.Y. 10601
(914) 993-5370

আরও তথ্যের জন্য আমাদের টোল ফ্রী নম্বরে ফোন করুন:
(866) 871-3000
-অথবা-
আমাদের ওয়েবসাইট দেখুন:
visionloss.ny.gov